



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় অফিস, আগ্রাবাদ, চট্টগ্রাম।

Email: bstictg4100@gmail.com,

Website: www.bsti.gov.bd



জরুরি

গোপনীয়

নম্বর: ৩৬.০৫.২০০০.০০৩.৬১.০০২.২২.৮২৫

তারিখ: ৬ মাঘ ১৪২৮

২০ জানুয়ারি ২০২২

প্রাপক:

স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, ইপিক এনার্জি কোম্পানী, ইপিক ইমদাদ হাইটস, ৩৮, চট্টশ্বরী সার্কেল, চকবাজার, চট্টগ্রাম।

বিষয়: আমদানিকৃত সেক্ষ-ব্যালাস্টেড এলইডি ল্যাম্পস ফর জেনারেল লাইটিং সার্ভিসেস (LED Light) যার বি/ই-সি-76350, তারিখ: 12.01.2022 খ্রিঃ রিলিজ/ছাড় করার লক্ষ্যে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: সাময়িক ছাড়পত্র রেফারেন্স নম্বর: ৩৬১.২০২২

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, সেক্ষ-ব্যালাস্টেড এলইডি ল্যাম্পস ফর জেনারেল লাইটিং সার্ভিসেস (LED Light) পণ্যটি বিএসটিআই'র পরীক্ষাগারে পরীক্ষা করতে প্রায় ৮৮ দিন সময়ের প্রয়োজন হয়। কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর বিধান অনুসারে ৩০ দিনের মধ্যে আপনার বন্দর হতে আমদানিকৃত উক্ত পণ্য খালাস না করলে বর্গিত সময় অতিবাহিত হওয়ার পর মালামাল নিলাম বিক্রি হওয়ার নিয়ম রয়েছে। এ প্রেক্ষিতে আমদানিকারক, খুচরা বিক্রেতা ও ভোক্তাদের কথা বিবেচনা করে পোর্ট ডেমারেজ ও নিলাম হতে রক্ষা পাওয়ার জন্য বিএসটিআই প্রধান কার্যালয়, ঢাকার সূত্র নং-৩৬.০৫.০০০০.০০৩.৮৬.০০৬৭.১৬/, তারিখ: ২৭-০৮-২০১০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী সাময়িক ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে উল্লিখিত প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত উক্ত পণ্যের নমুনা পরীক্ষণের নিমিত্তে প্রতিষ্ঠানটি জমা দিয়েছে।

এমতাবস্থায়, নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আমদানিকৃত পণ্য আমদানিকারকের জিম্মায় প্রদানের নিমিত্ত অত্র সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো।

শর্তসমূহ:

ক) আমদানিকারকের আবেদনের প্রেক্ষিতে পোর্ট ডেমারেজ হতে রক্ষা পাওয়ার জন্য সেক্ষ-ব্যালাস্টেড এলইডি ল্যাম্পস ফর জেনারেল লাইটিং সার্ভিসেস (LED Light) পণ্যটি বন্দরে পৌঁছালে যৌথভাবে নমুনা সংগ্রহপূর্বক বিএসটিআই'র পরীক্ষাগারে নমুনা জমাদানের পর কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করে প্রয়োজনীয় শুল্ক ও অন্যান্য ফি পরিশোধ সাপেক্ষে সাময়িক ছাড়পত্র ইস্যুকরণের মাধ্যমে পোর্ট/বন্দর হতে মালামাল ছাড় করে আমদানিকারকের এপিক কাদের হাইট (২য় তলা) নন্দনকানন, চট্টগ্রাম- ওয়ারহাউজ/গোডাউনে মালামাল ইনস্ট্যান্ট অবস্থায় রাখতে হবে।

খ) বিডিএস IEC 62612:2015 অনুযায়ী পরীক্ষায় কৃতকার্য হলে চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পর আমদানিকারক উক্ত পণ্য বিক্রয়/বিতরণ করতে পারবেন।

গ) যদি পণ্য সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস IEC 62612:2015) অনুযায়ী পরীক্ষায় অকৃতকার্য হয়, তবে বিএসটিআই কর্তৃক পণ্যসমূহের ব্যাপারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ) কোন অবস্থাতেই চূড়ান্ত ছাড়পত্র না পাওয়া পর্যন্ত উক্ত পণ্য আমদানিকারক বাজারজাত করতে পারবেন না; এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আমদানিকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ) পণ্য ছাড়করণের পর আমদানিকারক কর্তৃক কোথায় ও কোন্ ওয়ারহাউজ/গোডাউনে আমদানিকৃত সেক্ষ-ব্যালাস্টেড এলইডি ল্যাম্পস ফর জেনারেল লাইটিং সার্ভিসেস (LED Light) সংরক্ষিত করা হবে তার পূর্ণাঙ্গ ঠিকানা বিএসটিআইকে অবহিত করতে হবে।

উল্লেখ্য, মালামাল গোডাউনে পৌঁছানোর পর বিএসটিআই'র যে অফিসের অধীনে গোডাউন অবস্থিত সে অফিসকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। অবহিত করার পর বিএসটিআই'র সংশ্লিষ্ট অফিস বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

আপনার বিশ্বস্ত,

২০-১-২০২২

প্রকৌ. মোঃ নুরুল ইসলাম

উপ-পরিচালক


নম্বর: ৩৬.০৫.২০০০.০০৩.৬১.০০২.২২.৮২৫/১(৪)

তারিখ: ৬ মাঘ ১৪২৮

২০ জানুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম
- ২) পরিচালক, সিএম উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন, ঢাকা।
- ৩) গার্ড ফাইল, বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম
- ৪) ওয়ানস্টপ প্রধান, বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম



২০-১-২০২২

প্রকৌ. মোঃ নুরুল ইসলাম
উপ-পরিচালক